68

আজকের কাগজ

তারিখ ... 26 JAN 1994 ...
পৃষ্ঠা ৬ কলাম ৫ ...

## পটুয়াখালী ও বরগুনা জেলার ৪১৯টি বিদ্যালয়ে বিজ্ঞানাগার নেই

পটুয়াখালী ও বরগুনা জেলার ৪১৯টি মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞানাগার না থাকার কারণে ছাত্র-ছাত্রিরা বিজ্ঞান শিক্ষার আগ্রহ হারিয়ে ফেলেছে। বিজ্ঞানাগার বিহীন এ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে মুখে মুখে বিজ্ঞান পড়ানো হচ্ছে। পটুয়াখালী ও বরগুনা জেলায় ৫শ' ২৯টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। কলেজ ব্যতিত এসব শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে পটুয়াখালী জেলায় ১শ' ৭০টি মাধ্যমিক বিদ্যালয় ও ১শ' ৫২টি মাদ্রাসা রয়েছে। বরগুনা জেলায় ৮৯টি মাধ্যমিক বিদ্যালয় ও ১শ' ১৮টি মাদ্রাসা রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে মাত্র ১শ'১০টি শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞান ভবন নির্মাণ করা হয়েছে। সেগুলোতে বৈজ্ঞানিক যন্ত্রপাতিও সরবরাহ করা হয়েছে। পটুয়াখালী থেকে জিএম তালুকদার।